



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১২

তারিখ: ১৯ মাঘ ১৪২৮

০২ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: দেশের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় বৃত্তিপ্রাপ্ত [পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস/সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে] এবং রাজস্ব খাতভুক্ত সংখ্যালঘু সম্প্রদায়সমূহের উপবৃত্তি ও পেশামূলক উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের **Bounced Back** হওয়া তথ্যের ভুল সংশোধন সংক্রান্ত

সূত্র: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-০৮, তারিখ ১০/০১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থ বছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের প্রেরিত তথ্যে ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক ও শাখার নাম, রাউটিং নম্বরসহ ব্যাংক সংক্রান্ত তথ্য যথাযথ না থাকায় EFT Bounced Back হয়েছে। ফলশ্রুতিতে, বর্ণিত শিক্ষার্থীদের বৃত্তির টাকা তাদের ব্যাংক হিসাবে জমা হয়নি।

এমতাবস্থায়, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত) উল্লিখিত শিক্ষার্থীদের বর্ণিত তথ্যসমূহ আগামী ১২/০২/২০২২ খ্রি. তারিখের মধ্যে MIS অনলাইন সফটওয়্যার লিংকে প্রবেশ করে **Bounced Back** হওয়া শিক্ষার্থীদের ব্যাংক সংক্রান্ত ভুল তথ্য সংশোধনের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

উল্লেখ্য, **Bounced Back** হওয়া শিক্ষার্থীদের ব্যাংক সংক্রান্ত ভুল তথ্য সংশোধনের জন্য ইতোপূর্বে একাধিকবার পত্র প্রেরণ করা সত্ত্বেও প্রতিষ্ঠান কর্তৃক উল্লিখিত শিক্ষার্থীদের তথ্য অদ্যাবধি সংশোধন করা হয়নি। নির্ধারিত সময়সীমার মধ্যে বর্ণিত শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে MIS-এ সংশোধন না করার কারণে বৃত্তির অর্থ প্রাপ্তিতে জটিলতা তৈরি হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

প্রতিষ্ঠান প্রধানের জ্ঞাতার্থে **Bounced Back** হওয়া শিক্ষার্থীদের একটি তালিকা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

MIS সফটওয়্যারে তথ্যের ভুল সংশোধনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণীয় :

০১। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ তথ্যাদি সংশোধনের ক্ষেত্রে হিসাবধারীর নামের স্থলে উভয়ের নাম এন্ট্রি করতে হবে;

০২। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;

০৩। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;

০৪। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;

০৫। ব্যাংক হিসাবটি বর্তমানে সচল (Active) থাকতে হবে।

তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ :

DSHE Scholarship MIS এর URL (লিংক) : hspbd.com/HSP-MIS/login



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd



স্মারক নম্বর :

বৃত্তি/উন্নয়ন/২২/১৬

তারিখ :

০২/০২/২০২২

Bounced Back কৃত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা MIS- এ সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) থেকে প্রাপ্ত উপরোক্ত বিজ্ঞপ্তিটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং প্রধান শিক্ষকদের অবগতি ও কার্যার্থে অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে



এস. এম. সৌদাম আজম
প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)
azamraj8486@gmail.com